***খণ্ড 16***

Dekalb County School District পরিবারকে শুভেচ্ছা,

আমি আশা করছি আপনার সপ্তাহ ভালো কেটেছে। কোভিড-19 যেখানে আমাদের কমিউনিটিকে প্রভাবিত করছে, সেখানে আমাদের শিক্ষার্থী ও কর্মীদের স্বাস্থ্য ও নিরাপদ রাখতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।

আমি গত কয়েক সপ্তাহ ধরে, আমাদের পুনরায় খোলার যে পরিকল্পনা শেয়ার করেছি তা অপরিবর্তিত এবং ধারাবাহিক রয়েছে। স্কুলগুলো পুনরায় খোলার ক্ষেত্রে আমাদের তথ্য চালিত পদ্ধতির অনুসারে আমাদের স্কুলগুলি পুনরায় খোলা এবং বন্ধ করতে দেয়া হয়েছে, এইভাবে এই মহামারী চলাকালীন আমাদের কমিউনিটি আরো অনিশ্চয়তার মুখোমুখি হচ্ছে। এই অনিশ্চিত সময়ে আমাদের শিক্ষার্থীরা যতক্ষণ না নিরাপদে সুরক্ষিতভাবে স্কুলে ক্লাস করতে পারছে ততক্ষণ তাদেরকে শেখার দিকে মনোনিবেশ করানো গুরুত্বপূর্ণ। যখন আমাদের শিক্ষার্থীরা একাডেমিক সাফল্যের দিকে মনোনিবেশ করছে, তখন আমাদের ডিস্ট্রিক্ট নেতৃত্ব জরুরি প্রস্তুতি, পরিবহন, সুরক্ষাবিধি এবং আরো অনেক কিছু সহ স্কুলগুলি পুনরায় খোলার জন্য প্রস্তুতি নিতে কঠোর পরিশ্রম করছেন। **স্কুল পুনরায় খোলা সম্পর্কে জানতে অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট দেখতে থাকুন**: https://www.dekalbschoolsga.org/school-reopening/।

**জর্জিয়ার জনস্বাস্থ্য বিভাগের (Georgia Department of Public Health, GDPH) গণনার হিসেবে, দুই সপ্তাহে প্রতি 100,000 বাসিন্দার ক্ষেত্রে 100 সংক্রমণকে গোষ্ঠী সংক্রমণের "সাম্প্রতিক প্রসার" এর যে সীমা স্থির করা হয়েছিল বর্তমানে তা আগের থেকে বেশি। DeKalb কাউন্টির জন্য GDPH যে তথ্য জানিয়েছে সেই হিসেবে, আজকের সংক্রমণের সংখ্যা 198।** DeKalb কাউন্টিতে সংক্রমণের সংখ্যা জানতে, অনুগ্রহ করে এটি দেখুন: https://dph.georgia.gov/covid-19-daily-status-report. এই বৃদ্ধি উদ্বেগের এবং আমরা নিশ্চিত করতে চাই যে আমাদের পরিবার ও কর্মীরা রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রের (Center for Disease Control and Prevention, CDC) থেকে কিছু গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে অবগত।

করোনা-ভাইরাস রোগ 2019 সম্পর্কে তথ্য

- রোগ জাতি বা জাতিগত পরিচয় নির্বিশেষে যে কাউকে অসুস্থ করে তুলতে পারে।
    - কোভিড-19 সম্পর্কে ভয় এবং উদ্বেগের ফলে মানুষ অন্যদের এড়াতে বা প্রত্যাখ্যান করতে পারে, এমনকি তারা ভাইরাস ছড়িয়ে দেয়ার ঝুঁকিতে না থাকলেও।

- বেশিরভাগ মানুষের ক্ষেত্রে, কোভিড-19 হওয়ার ভাইরাস থেকে তত্ক্ষণাত গুরুতর অসুস্থ হওয়ার আশঙ্কা কম বলে মনে করা হয়।
    - কিছু মানুষের কোভিড-19 থেকে আরো গুরুতর জটিলতা দেখা দেয়ার ঝুঁকি বেশি থাকতে পারে। তাদেরকে নিজেদের সুরক্ষার ব্যবস্থা করতে হবে।
    - যে কোয়ারান্টাইন সম্পন্ন করেছেন বা আলাদা থাকছিলেন তার থেকে অন্য ব্যক্তির সংক্রমণের ঝুঁকি নেই।
- নিজেকে ও অন্যদেরকে সুস্থ থাকতে সাহায্য করতে কিছু সহজ জিনিস আপনি করতে পারেন।
    - অন্তত 20 সেকেন্ড ধরে সাবান ও পানি দিয়ে আপনার হাত ধুয়ে নিন, বিশেষ করে নাক ঝাড়া, কাশি বা হাঁচি, বাথরুম যাওয়ার পর এবং খাবার খাওয়া ও তৈরি করার আগে।
    - হাত না ধুয়ে চোখ, নাক ও মুখ স্পর্শ করবেন না।
    - অসুস্থ হলে বাসাতেই থাকুন।
    - টিস্যু দিয়ে আপনার কাশি বা হাঁচি ঢাকুন, তারপর সেটি ডাস্টবিনে ফেলে দিন।

যেহেতু আমরা এই অতিমারীর মধ্যে দিয়ে যাচ্ছি, তাই অনুগ্রহ করে এইসব বিষয় মাথায় রাখবেন।

**জীবনের একটি দিন (A Day in The Life)**

যেহেতু আমরা স্কুলগুলো আবার খোলার প্রস্তুতি নিচ্ছি, তাই আমাদের কিছু সিনিয়র ক্যাবিনেট সদস্য ও পর্ষদ সদস্যের গত সপ্তাহে "জীবনের একটি দিন (A Day in The Life)" ট্যুরে তিনটি DCSD স্কুলের স্কুল খোলার পরিকল্পনা পর্যবেক্ষণ করার জন্য সেখানে যাওয়ার সুযোগ ছিল। এই সফরে ক্যাবিনেটের সদস্যদের স্কুল প্রোটোকল/অনুশীলন, শ্রেণিকক্ষে শিক্ষার্থী, শিক্ষার্থীদের ট্রানজিশন, মধ্যাহ্নভোজন এবং ছুটির পরিকল্পনা পর্যবেক্ষণ করার সুযোগ ছিল। এই ট্যুর সম্ভব করার জন্য Canby Lane Elementary School, Chapel Hill Middle School এবং Tucker High School-এর কর্মীদের ধন্যবাদ।

**উইক অফ অ্যাকশন 2020 এর বিষয় ব্ল্যাক লাইভস ম্যাটার**

নভেম্বর 9-13 ডিস্ট্রিক্টে DeKalb স্কুলগুলোর "উইক অফ অ্যাকশন 2020 এর বিষয় ব্ল্যাক লাইভস ম্যাটার"। সপ্তাহব্যাপী Historically Black Colleges and Universities (HBCUs)-এর একটি সোশ্যাল মিডিয়া উদযাপন, DeKalb কাউন্টির কৃষ্ণাঙ্গ মালিকাধীন ব্যবসাগুলোর উদযাপন, মাই ব্রাদার'স কিক-অফ, একটি “মাই ব্ল্যাক ইজ বিউটিফুল ইউনিটি ডে” এবং শিক্ষার্থীদের নিয়ে প্যানেল আলোচনা সহ ব্ল্যাক লাইভস ম্যাটার স্কুল ভিত্তিক পঠন-পাঠনের কর্মকাণ্ড চলবে।

এই "উইক অফ অ্যাকশন 2020 এর বিষয় ব্ল্যাক লাইভস ম্যাটার" এর লক্ষ্য হল সমস্ত বয়সের মানুষের বর্ণ বৈষম্যের ন্যায়বিচারের বিষয়ে সম্পৃক্ত হওয়ার জন্য স্কুল কমিউনিটির মধ্যে সমালোচনামূলক প্রতিচ্ছবি এবং সৎ কথোপকথনের চলমান আন্দোলনের সূচনা করা।

DCSD হল একটি বৈচিত্র্যময় স্কুল ডিস্ট্রিক্ট এবং আমরা সেই সুন্দর বৈচিত্র্য প্রতিটি উপায়ে উদযাপন করি স্কুলগুলোর উইক অফ অ্যাকশন 2020 এর বিষয় ব্ল্যাক লাইভস ম্যাটার আমাদের কমিউনিটির জাতিগত এবং সামাজিক অবিচারের বিরুদ্ধে কথা বলার সময় আমাদের শিক্ষার্থী এবং কর্মীদের আমাদের কমিউনিটির জন্য ইতিবাচক পদক্ষেপ স্বীকৃতি দেয়ার একটি সুযোগ করে দেয়।

**কমিউনিটি সম্পৃক্ততা**

Rotary Club of Stone Mountain-এর অতিথি বক্তা হতে পেরে আমি আনন্দিত। এই বছর এটি বিশ্বের প্রথম হাইব্রিড Rotary Club। হাইব্রিড কী? সহজ: তারা সদস্যদেরকে মিটিংয়ে সরাসরি আসার ও লাইভ স্ট্রীমের মাধ্যমে অংশগ্রহণের সুবিধা দেয়।

গত রাতে আমাদের স্থানীয় টাউন হল এবং আমাদের পেরেন্ট টাউন হলে উপস্থিত সকলকে ধন্যবাদ। আমাদের আঞ্চলিক এবং ডিস্ট্রিক্ট নেতৃত্বদানকারী একটি দুর্দান্ত দল রয়েছে এবং আপনাদের সমস্ত পরিশ্রমের জন্য ধন্যবাদ। আমরা সমস্ত মতামত নোট করতে থাকব এবং আপনি গত রাতের টাউন হলে অনুপস্থিত থাকলে, অনুগ্রহ করে এখানে ক্লিক করুন: https://youtu.be/0mC36NaRKVQ।

আপনাদের সপ্তাহান্ত ভালো কাটুক এবং আমাদের ডিস্ট্রিক্ট শক্তিশালী করতে আপনাদের সাহায্যের জন্য ধন্যবাদ।

আপনার 1 নম্বর চিয়ারলিডার

Cheryl Watson-Harris